বাংলাদেশের উন্নয়ন কর্মকান্ড দেশে-বিদেশে সারা জাগিয়েছে – ফরিদা ইয়াসমিন

নরসিংদী : সংরক্ষিত মহিলা আসনের সংসদ সদস্য, জাতীয় প্রেস ক্লাবের সভাপতি ও নরসিংদী জেলা আওয়ামী লীগের উপদেষ্টা ফরিদা ইয়াসমিন বলেছেন, প্রধানমন্ত্রী শেখ হাসিনার নেতৃত্বে বাংলাদেশ দ্রুত এগিয়ে যাচ্ছে। বাংলাদেশের উন্নয়ন কর্মকান্ড দেশে-বিদেশে সারা জাগিয়েছে। শেখ হাসিনার নেতৃত্বে দেশ গড়ার কাজে সকলকে এগিয়ে আসার আহবান জানান তিনি। গতকাল শনিবার দুপুরে নরসিংদীর রায়পুরা উপজেলার উত্তরবাখরনগর ইউনিয়নের বিবিএল উচ্চ বিদ্যালয় প্রাঙ্গনে নবনির্মিত শহীদ মিনার উদ্বোধন এবং ভাষা আন্দোলন ও বঙ্গবন্ধু শীষক আলোচনা সভায় প্রধান অতিথির বক্তব্যে তিনি এসব কথা বলেন।

বিদ্যালয়ের প্রতিষ্ঠাতা সদস্য মো. আতাউর রহমানের সভাপতিত্বে অন্যান্যের মধ্যে বক্তব্য রাখেন, নরসিংদী জেলা পরিষদের চেয়ারম্যান মোঃ মনির হোসেন ভূঁইয়া, জেলা আওয়ামী লীগের সাধারণ সম্পাদক পীরজাদা কাজী মোহাম্মদ আলী, নরসিংদী সরকারী কলেজের সাবেক অধ্যক্ষ প্রফেসর মোহাম্মদ আলী, রায়পুরা উপজেলা আওয়ামী লীগের সভাপতি বীর মুক্তিযোদ্ধা আফজাল হোসাইন, নরসিংদী প্রেস ক্লাবের সাবেক সভাপতি ও ইত্তেফাকের জেলা প্রতিনিধি নিবারণ রায়, নরসিংদী এলজিইডি নির্বাহী প্রকৌশলী আসাদুজ্জামান খন্দকার তুষার, উপজেলা আওয়ামী লীগের সাধারণ সম্পাদক ইমান উদ্দিন ভূইয়া, উপজেলা সহকারী কমিশনার ভূমি শফিকুল ইসলাম, নরসিংদীর সিনিয়র সহকারী প্রকৌশলী শামীম ইকবাল মুন্না, উত্তরবাখরনগর ইউপি চেয়ারম্যান হাবিব উল্লাহ হাবিব, বিবিএল উচ্চ বিদ্যালয়ের প্রধান শিক্ষক দেলোয়ার হোসেন ভূঁইয়া প্রমুখ।

ফরিদা ইয়াসমিন এমপি বলেন, আগে এ বিদ্যালয়ের শিশুরা অস্থায়ী ভবে একটা শহীদ মিনার বানিয়ে সেখানে ফুল দিতো। এখন তারা একটি পূর্নাঙ্গ শহীদ মিনার পেয়েছে। মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনার নিরলস পরিশ্রমে উন্নয়নে এগিয়ে যাচ্ছে দেশ। তার ধারাবাহিকতায় রায়পুরায়ও উন্নয়ন হচ্ছে। আগামীতে রায়পুরার অসমাপ্ত কাজ গুলো

সবাইকে সাথে নিয়ে আমি শেষ করবো।

অনুষ্ঠান শেষে তার নিজ গ্রাম বাহাদুরপুরে পৈত্রিক কবরস্থানের সীমানা প্রাচীর নির্মাণ কাজের উদ্বোধন এবং বৃক্ষরোপণ করেন।

haladhar1961@gmail.com